গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৭১/২০১৮-১৯

ঢাকা, মঙ্গলবার ৯ অক্টোবর ২০১৮, ২৪ আশ্বিন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ডিজিটাল নিরাপত্তা ও সড়ক পরিবহণ বিলে রাষ্ট্রপতির স্বাক্ষর

২। সৎ মানুষদের ভোট দিয়ে নির্বাচিত করুন : রাষ্ট্রপতি

৩। ইয়াবা পরিবহণ-বিপণনের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড : মন্ত্রিসভায় অনুমোদন

৪। সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল দলকে মন্ত্রিসভার অভিনন্দন

৫। মানুষের ভাগ্যোন্নয়নে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী

৬। প্রত্যেক জেলা-উপজেলায় পরিচ্ছন্নতাকর্মীদের আবাসনের ব্যবস্থা করা হবে : প্রধানমন্ত্রী

৭। অধ্যাপক মাহবুবুর রহমানের চিকিৎসায় প্রধানমন্ত্রীর ৫০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান

৮। আগামীতে ক্ষমতায় এলে বরিশালে মেডিকেল বিশ্ববিদ্যালয় করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

৯। দুষ্টের দমন ও শিষ্টের পালনের জন্যই ডিজিটাল নিরাপত্তা আইন : সেতুমন্ত্রী

১০। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের অপপ্রয়োগ করলেই শাস্তি : স্বরাষ্ট্রমন্ত্রী

১১। শতভাগ পেনশনভোগীরাও পাবেন মাসিক পেনশন : অর্থবিভাগের আদেশ জারি

১২। চলতি অর্থবছরের সেপ্টেম্বরে রফতানি বেড়েছে ৫৫ শতাংশ

চলমান পাতা-২

১। ডিজিটাল নিরাপত্তা ও সড়ক পরিবহণ বিলে রাষ্ট্রপতির স্বাক্ষর

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল (৮ অক্টোবর সোমবার) জাতীয় সংসদে সদ্য পাস হওয়া 'ডিজিটাল নিরাপত্তা বিল-২০১৮' এবং 'সড়ক পরিবহণ বিল-২০১৮' এ স্বাক্ষর করেছেন। রাষ্ট্রপতির স্বাক্ষর বা সম্মতির মধ্য দিয়ে বিল দু'টি আইনে কার্যকর হলো। এছাড়াও রাষ্ট্রপতি আরও পাঁচটি বিলে গতকাল সম্মতি দিয়েছেন। এ পাঁচটি বিল হলো কওমি মাদ্রাসাসমূহের দাওরায়ে হাদিস (তাকমীল) এর সনদকে মাস্টার্স ডিগ্রি (ইসলামিক স্টাডিজ ও আরবি) এর সমমান প্রদান বিল-২০১৮, জাতীয় ক্রীড়া পরিষদ বিল-২০১৮, পণ্য উৎপাদনশীল রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকরির শর্তাবলী) বিল-২০১৮, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বিল-২০১৮ ও কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট বিল-২০১৮। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১),**ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

২। সৎ মানুষদের ভোট দিয়ে নির্বাচিত করুন : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, আপনারা সে দলকে ভোট দিবেন, যে দলকে ভোট দিলে দেশের সার্বিক কল্যাণ হবে। যে দল দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। রাজনৈতিক দলগুলোর উদ্দেশ্যে তিনি বলেন, আপনার ভালো মানুষকে নমিনেশন দিন। তিনি আরো বলেন, সৎ মানুষ দেখে এবং সুখে-দুখে যে মানুষের পাশে থাকবে তাদের ভোট দিয়ে জনপ্রতিনিধি নির্বাচিত করুন। গতকাল (৮ অক্টোবর সোমবার) দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় কিশোরগঞ্জে গুরুদয়াল সরকারি কলেজ মাঠে তাঁকে প্রদত্ত গণসংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১৪,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

৩। ইয়াবা পরিবহণ-বিপণনের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড : মন্ত্রিসভায় অনুমোদন

দেশে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে কঠোর আইন প্রণয়ন করেছে সরকার। ইয়াবা (অ্যামফিটামিন) পরিবহণ, কেনাবেচা, ব্যবসা, সংরক্ষণ, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, হস্তান্তর, সরবরাহ ইত্যাদি অপরাধের জন্য সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন সাজা ভোগ করতে হবে। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এ আইনের অধীনে অপরাধ সংঘটনে অর্থ বিনিয়োগ, সরবরাহ, মদদ ও পৃষ্ঠপোষকতা করলেও একই ধরনের শাস্তি পেতে হবে। সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রস্তাবিত আইনে হেরোইন ও কোকেন উদ্ভূত মাদকদ্রব্যের জন্যও ইয়াবার মতোই কঠোর শাস্তি রাখা হয়েছে। আগের আইনে মাদকদ্রব্য সংক্রান্ত অপরাধের সর্বোচ্চ শাস্তি ছিল ২ থেকে ১৫ বছরের কারাদণ্ড। গতকাল (৮ অক্টোবর সোমবার) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়।

এছাড়া কলকারখানায় ট্রেড ইউনিয়ন গঠনের বিধান রেখে 'বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন, ২০১৮'এর চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিপরিষদ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৪। সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল দলকে মন্ত্রিসভার অভিনন্দন

সাফ অনূর্ধ্ব ১৮ নারী চ্যাম্পিয়নশিপে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় বাংলাদেশ নারী ফুটবল দলকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের প্রত্যেকের বাড়ি করে দেওয়ার ঘোষণা দিয়েছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। গতকাল (৮ অক্টোবর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে অভিনন্দন প্রস্তাব গ্রহণ করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.৫)।

৫। মানুষের ভাগ্যোন্নয়নে কাজ করছে সরকার : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ সরকার দেশের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করছে। বাংলাদেশ এখন বিশ্বে উন্নয়নের রোল মডেল। পদ্মাসেতু থেকে পায়রা সমুদ্রবন্দর পর্যন্ত রেলপথ নির্মাণের ঘোষণা দিয়ে তিনি আরও বলেন, এ নিয়ে কাজ চলছে। পাশাপাশি পায়রা সমুদ্রবন্দরকে ভবিষ্যতে গভীর সমুদ্রবন্দর এবং

বরিশালে পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হবে। গতকাল (৮ অক্টোবর সোমবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজের তিন দিনব্যাপী সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ, ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৬। প্রত্যেক জেলা-উপজেলায় পরিচ্ছন্নতাকর্মীদের আবাসনের ব্যবস্থা করা হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা মানুষকে মানুষ হিসেবে দেখি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেটা শিখিয়েছেন। কে হরিজন, কে কী সেটা দেখি না। প্রত্যেক জেলা-উপজেলায় এখন থেকে পরিচ্ছন্নতাকর্মীদের যাতে সুন্দরভাবে আবাসনের ব্যবস্থা হয়, সে ব্যবস্থাও নিতে হবে। গতকাল (৮ অক্টোবর সোমবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঢাকার দয়াগঞ্জ ও ধলপুর সিটি কলোনিতে হরিজন সম্প্রদায়ের জন্য নির্মিত ৪টি আধুনিক ভবনের (৩৪৫টি ফ্ল্যাট) উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, রাজধানীতে পরিচ্ছন্নতাকর্মীদের জন্য ১৩টি বহুতল ভবন হবে। এর মধ্যে দয়াগঞ্জে ৫টি ভবনে ৪৪০টি ফ্ল্যাট, ধলপুরে ৫টি ভবনে ৪৮০টি ফ্ল্যাট এবং সূত্রাপুরে তিনটি ভবনে ২২৮টি ফ্ল্যাট নির্মাণ করা হবে। যার ব্যয় প্রায় ১৯০ কোটি টাকা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৭। অধ্যাপক মাহবুবুর রহমানের চিকিৎসায় প্রধানমন্ত্রীর ৫০ লাখ টাকা আর্থিক সহায়তা প্রদান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক মাহবুবুর রহমানের চিকিৎসার জন্য ৫০ লাখ টাকা আর্থিক সহায়তা দিয়েছেন। গতকাল (৮ অক্টোবর মঙ্গলবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে এ সহায়তার চেক গ্রহণ করেন অধ্যাপক মাহবুবের স্ত্রী আলেয়া ফেরদৌসী। অধ্যাপক মাহবুব দীর্ঘদিন ধরে ফুসফুসের রোগে ভুগছেন। তিনি বর্তমানে সিঙ্গাপুরের একটি হাসপাতালে চিকিৎসাধীন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ ,ক.১)।

৮। আগামীতে ক্ষমতায় এলে বরিশালে মেডিকেল বিশ্ববিদ্যালয় করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

বর্ণাঢ্য আয়োজনে পালিত হলো দক্ষিণাঞ্চলের প্রধান চিকিৎসাকেন্দ্র বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজের সুবর্ণজয়ন্তী। গতকাল (৮ অক্টোবর সোমবার) সুবর্ণজয়ন্তী উৎসব উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, আগামীতে আওয়ামী লীগ ক্ষমতায় এলে বরিশালে মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে। সরকারের উন্নয়নের চিত্র তুলে ধরে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ-জ্বালানি, আইসিটি, যোগাযোগসহ সবখাতে ব্যাপক উন্নয়ন হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫)।

৯। দুষ্টের দমন ও শিষ্টের পালনের জন্যই ডিজিটাল নিরাপত্তা আইন : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দুষ্টের দমন ও শিষ্টের পালনের জন্যই ডিজিটাল নিরাপত্তা আইন। গুজব সন্ত্রাস, অপপ্রচার এবং মিথ্যাচার রুখতেই ডিজিটাল নিরাপত্তা আইন পাস করেছে সরকার। যারা ক্রাইম করবে না তাদের কোনো ভয় নেই। গতকাল (৮ অক্টোবর সোমবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে আওয়ামী লীগের শিল্পবিষয়ক উপ-কমিটির সঙ্গে মতবিনিময় সভাশেষে সাংবাদিকদের

প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক. ৮)।

১০। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের অপপ্রয়োগ করলেই শাস্তি : স্বরাষ্ট্রমন্ত্রী

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের অপপ্রয়োগ করে কাউকে হয়রানি করলে তাকে আইনের আওতায় আনা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (৮ অক্টোবর সোমবার) ঢাকা ক্লাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের এসপিও সেমিনারের উদ্বোধনশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫)।

১১। শতভাগ পেনশনভোগীরাও পাবেন মাসিক পেনশন : অর্থবিভাগের আদেশ জারি

চাকরি শেষে শতভাগ পেনশন তুলে নেওয়া (সমর্পণ) সরকারি কর্মচারীদের পুনরায় পেনশনের আওতায় এনেছে সরকার। অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে তাদের জন্য মাসিক পেনশন পুনঃস্থাপন করে গতকাল (৮ অক্টোবর সোমবার) আদেশ জারি করেছে অর্থ বিভাগ, যা ২০১৭ সালের ১ জুলাই থেকে কার্যকর ধরা হয়েছে। শতভাগ পেনশন নিয়ে নেওয়া সরকারি কর্মচারিরা অবসর নেওয়ার দিন থেকে ১৫ বছর পরে পুনরায় পেনশন পাবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

১২। চলতি অর্থবছরের সেপ্টেম্বরে রফতানি বেড়েছে ৫৫ শতাংশ

রফতানি আয়ে প্রবৃদ্ধির নতুন রেকর্ড হয়েছে চলতি অর্থবছরের সেপ্টেম্বর মাসে। গত বছরের একই মাসের চেয়ে এ বছরের সেপ্টেম্বরে রফতানি বেশি হয়েছে ৫৫ শতাংশ। আর এ মাসে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি হয়েছে সাড়ে ১৪ শতাংশ। গত সেপ্টেম্বরের রেকর্ডের সুবাদে চলতি অর্থবছরে প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) আগের একই সময়ের তুলনায় রফতানি বেড়েছে ১৫ শতাংশ। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সংবাদ, ভোরের কাগজ, যায়যায়দিন, সমকাল :** ভুটানের থিম্পুতে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল টুর্নামেন্টের ফাইনালে ১-০ গোলে হারিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় বাংলাদেশ অনূর্ধ্ব-১৮ নারী ফুটবল দলকে অভিনন্দন জানিয়ে এ জয়ের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সংবাদ, প্রথম আলো, নিউ এজ** : সদ্য পাস হওয়া সড়ক পরিবহণ আইন সংশোধনের দাবিতে মাঠে নেমে সড়ক পরিবহণ খাতে অরাজকতা সৃষ্টি করে মানুষকে জিম্মি করছে পরিবহণ মালিক ও শ্রমিকরা উল্লেখ করে এ নৈরাজ্য দমনে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** অবৈধ পোস্টার, বিলবোর্ডের কারণে ঢাকার সড়ক, দেয়াল, ওভারব্রিজ অসুন্দর ও অপরিচ্ছন্ন হয়ে পড়েছে উল্লেখ করে অবিলম্বে এগুলো অপসারণের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** বাংলাদেশে এ পর্যন্ত ১৫ লাখ ৯৩ হাজার ৭০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে শনাক্ত করা হয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে তাদের অত্মনির্ভরশীল করে সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ ও প্রশিক্ষকের সংখ্যা বাড়াতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি সান, ডেইলি স্টার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যকেন্দ্রে অবস্থান করে সাধারণ মানুষের সেবা নিশ্চিত করতে চিকিৎসকদের যে নির্দেশনা দিয়েছেন তা চিকিৎসকরা বাস্তবায়ন করবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **অবজারভার :** সম্প্রতি অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক সমাবর্তনে রাষ্ট্রপতি জাতি বিনির্মাণের কার্যক্রমে শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা রাখার যে আহ্বান জানিয়েছেন তা তুলে ধরে দেশের যুব সম্প্রদায়ের জন্য কর্মমুখী শিক্ষার ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ ।

উপসম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বর্তমান বিশ্ববাস্তবতায় উন্নত ও সভ্য রাষ্ট্র ব্যবস্থা তৈরিতে আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির দক্ষতায় অভিজ্ঞ রাজনীতিবিদের কোনো বিকল্প নেই।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **‘শিশুর বিকাশ ঘটাতে হবে সৃজনশীলতায়’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুকে যথাযথ পরিচর্যার মাধ্যমেই তার সৃজনশীলতার উন্মেষ ঘটাতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা